**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:15-08–2024**
**Time: 10.30–10 . 35 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

আজ ভারতের ৭৮তম স্বাধনিতা দিবস যথাযোগ্য মর্যাদায় সারা দেশ জুড়ে উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ লালকেল্লার প্রাকারে পতাকা উত্তোলন করে এবং জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি বলেন, আজ অগণিত বীর স্বাধীনতা সংগ্রামীর আত্মত্যাগকে শ্রদ্ধা জানানোর দিন। তিনি বলেন, বিকশিত ভারত শুধু কথার কথা নয়। তিনি আশা প্রকাশ করেন ১৪০ কোটি মানুষের প্রচেষ্টায় সমস্ত বাধা দূর করে আমরা বিকশিত ভারতের স্বপন সফল করব। এই বিকশিত ভারতের জন্য জনগণের কাছ থেকে পরামর্শ চাওয়া হয়েছিল। তিনি এই পরামর্শগুলির উল্লেখ করে বলেন, শ্রী অন্নকে বিশ্বের সমস্ত খাবার টেবিলে নিয়ে যেতে হবে। আর সেইসঙ্গে আমাদের কৃষকরাও মজবুত হয়ে উঠবেন। তিনি বলেন, বিগতদিনে বহু সংকটের মুখোমখি হতে থেকেছে। এই সংকটকালে সরকার সবার পাশে রয়েছে। তিনি বলেন, লালকেল্লা থেকে দেওয়া প্রতিশ্রুতি যখন সফল হয় তখন দেশবাসীর ভরসা বৃদ্ধি পায়। তিনি বলেন, দেশে ব্যাঙ্কিং ব্যবস্থা শক্তিশালী করা হয়েছে। বিভিন্ন ক্ষেত্র এবং স্টার্ট আপের পাশাপাশি MSME-কে ব্যাংক সবচাইতে বেশি সহায়তা দিচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, মহাকাশে ক্ষেত্র দেশকে শক্তিশালী করার জন্য গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। সরকার মহাকাশ ক্ষেত্রে অনেক

সংস্কার করেছে এবং এই ক্ষেত্রে শত শত স্টার্ট আপ যুক্ত হয়েছে। তিনি বলেন, ভোকাল ফর লোকাল এখন অর্থনীতির মন্ত্রে পরিণত হয়েছে।

তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। কায়াকল্পের অধীনে এই অঞ্চলে উন্নয়ন অব্যাহত রয়েছে। এই অঞ্চলে গ্রামীন সড়ক, গ্রাম, দরিদ্র পীড়িত এবং প্রত্যন্ত অঞ্চলে জনগণের উন্নয়নে সরকার কাজ করে চলেছে। তিনি বলেন, দেশের সেনাজওয়ানরা উগ্রপন্থা সাফল্যের সঙ্গে দমন করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, ১০ কোটি মহিলা স্ব সহায়ক দলে অংশ নিয়ে নিজেদের আত্মনির্ভর করে তুলেছেন। ১ কোটি পরিবারে লাখপতি দিদি তৈরী হয়েছে। বর্তমান সময়কে ভারতের স্বর্ণিম সময় উল্লেখ করে বলেন আবাসন প্রকল্পে ৪ কোটি ঘর তৈরী করে দেওয়া হয়েছে। আর ৩ কোটি নতুন ঘর তৈরী করা হবে। প্রধানমন্ত্রী নতুন ভারতীয় দন্ডবিধি উল্লেখ করে তিনি বলেন দেড় হাজারের বেশি আইন বাতিল করা হয়েছে। নতুন আইনের লক্ষ্য হল দন্ড নয়, ন্যায় প্রদান। প্রধানমন্ত্রী আরো বলেন, দেশের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। দেশের যুবারা নতুন সিদ্ধিলাভের পথে এবং নতুন নতুন শিখরে পৌঁছুতে চাইছে। কাজেই প্রতিটি ক্ষেত্রে কাজে গতি আনতে হবে এবং নতুন সুযোগ তৈরী করতে হবে। প্রধানমন্ত্রী বলেন, দেশের রপ্তানি বেড়েছে, দেশের মুদ্রা ভান্ডার দ্বিগুণ হয়েছে। ভারতের উপর সমগ্র বিশ্বের বিশ্বাস বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, আজ জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সবাই "হর ঘর তিরঙ্গা" অভিযানে সামিল হয়েছেন। প্রধানমন্ত্রী পি এম জনমন, নতুন জাতীয় শিক্ষানীতি, দক্ষতা উন্নয়ন, শিক্ষা ইত্যাদি

বিভিন্ন ক্ষেত্রে দেশের অগ্রগতি তুলে ধরেন। তৃতীয় লিঙ্গের মানুষের জন্যে গৃহিত উদ্যোগের কথাও প্রধানমন্ত্রী উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, দেশে একটি ধর্ম নিরপেক্ষ সিভিল কোডের প্রয়োজন।

তিনি বলেন, দেশে আগামী ৫ বছরে আরো ৭৫ হাজার মেডিকেলের আসন বৃদ্ধি করা হবে। প্রধানমন্ত্রী জি-২০'র সাফল্যের উল্লেখ করে বলেন, ভারত ২০৩৬ সালে অলিম্পিক আয়োজন করার চেষ্টা করছে। প্রধানমন্ত্রী বলেন, প্রতিবেশী হিসেবে বাংলাদেশের সাম্প্রতিক ঘটনায় ভারতের চিন্তিত হওয়া স্বাভাবিক। ভারত সে দেশে হিন্দুদের সুরক্ষা সুনিশ্চিত করতে আগ্রহী। তিনি বলেন, সরকার বাংলাদেশের উন্নয়নে সহযোগী হিসেবে থাকবে।

*****************************

**Independence Day-Governor :**

আজ ভোরে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মাধ্যমে রাজ্যে স্বাধীনতা দিবস উদযাপন শুরু হয়। বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান ও প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সকাল ৮টায় সার্কিট হাউস সংলগ্ন মহাত্মা গান্ধীর মূর্তিতে এবং সকাল ৮টা ১৫ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে মাল্যদান করেন। পরে সকাল ৮টা ৩৫ মিনিটে তিনি লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন। ৩টি অনুষ্ঠানেই কৃষিমন্ত্রী রতনলাল নাথ উপস্থিত ছিলেন।

************************

**Independence Day-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় আসাম রাইফেলস ময়দানে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানের সকাল ৯টা ১০ মিনিটে জাতীয় পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলনের পর মুখ্যমন্ত্রী সশস্ত্র বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন করেন। পরে তিনি সমর শিক্ষার্থী বাহিনীর ক্যাডেট, আধিকারিক ও বনবিভাগের কর্মীদের পুরস্কার প্রদান করেন।

তিনি বলেন, রাজ্য সরকার শক্তিশালী সমৃদ্ধ ত্রিপুরা গড়ার জন্য কাজ করছে। তিনি বলেন, আমরা চ্যালেঞ্জ মোকাবেলা করে, অনেক বাধা অতিক্রম করে এগিয়ে চলেছি।

এখন আমরা বিকাশের এক নতুন যুগের দোর গোড়ায় দাঁড়িয়ে রয়েছি। অর্থনৈতক সমৃদ্ধি, সামাজিক কল্যাণ ও মানব সম্পদ উন্নয়নে অনুকুল পরিবেশ সৃষ্টিতে সরকার নিরলসভাবে কাজ করে চলেছে।

**************************

**Akashvani-Independence :**

আকাশবাণী আগরতলা কেন্দ্রে আজ সকাল সাড়ে ৮টায় জাতীয় পতাকা উত্তোলন করেন ভারপ্রাপ্ত কেন্দ্র অধিকর্তা দিনেশ কুমার। তিনি স্বাধীনতা দিবসের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে গৃহরক্ষী বাহিনীর জওয়ান, দপ্তরের কর্মী, আধিকারিকরা অংশ নেন। আমন্ত্রিত শিশু শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন।

***************************

**Independence Day-Bangladesh :**

বাংলাদেশে আজ ভারতীয় হাই কমিশনের উদ্যোগে ভারতের ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন করেন। হাইকমিশনার প্রণয় ভার্মা জাতীয় পতাকা উত্তোলন করেন এবং গতকাল রাষ্ট্রপতি প্রদত্ত ভাষনের নির্বাচিত অংশ পাঠ করেন।

এছাড়াও সিলেট, খুলনা, চট্টগ্রাম ও রাজশাহীতে সহকারী হাইকমিশনের দপ্তরে ভারতের স্বাধীনতা দিবস উদযাপন করা হয়।

***************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় গতকাল জাতির উদ্দেশে ভাষণ দেন। তিনি বলেন, আমরা এমন এক ঐতিহ্যের অংশ, যা স্বাধীনতা সংগ্রামীদের স্বপ্ন এবং ভবিষ্যৎ প্রজন্মের আকাঙ্ক্ষাকে একত্রিত করে, আগামী দিনগুলিতে ভারতকে তার পূর্ণ গৌরব ফিরিয়ে দেবে। তিনি স্বাধীনতা সংগ্রামীদের স্মৃতি প্রতি শ্রদ্ধা জানান।

তিনি বলেন, ভারত বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে এবং আমরা শীঘ্রই বিশ্বের শীর্ষ তিনটি অর্থনীতির মধ্যে পরিণত হতে চলেছি। কৃষক ও শ্রমিকদের অক্লান্ত পরিশ্রম, নীতিনির্ধারক ও উদ্যোক্তাদের দূরদর্শী চিন্তাভাবনা এবং দেশের দূরদর্শী নেতৃত্বের শক্তিতেই এই সাফল্য সম্ভব হয়েছে।

রাষ্ট্রপতি বলেন, সরকার গৃহীত বিভিন্ন উদ্যোগের ফলে ভারতের প্রতি বিনিয়োগকারীদের আকর্ষণ বেড়েছে। স্বচ্ছতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ব্যাঙ্কিং ও আর্থিক ক্ষেত্রের দক্ষতাও বৃদ্ধি পেয়েছে।

তিনি বলেন, সরকার নারী-কল্যাণ ও নারীর ক্ষমতায়নে সমান গুরুত্ব দিয়েছে।

******************************

**Walk for Heart :**

৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষে সাব্রুম মহকুমা প্রশাসন উদ্যোগে গতকাল  হার্টের জন্য হাঁটা কর্মসূচিতে সাব্রুমের বিভিন্ন অংশের মানুষজন ও স্কুল ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেন। হাঁটা প্রতিযোগিতায় পুরুষ এবং মহিলা বিভাগে ৬ জনকে  পুরস্কৃত করা হয়। এছাড়াও সাব্রুম টাউন হলে সাব্রুম মহকুমা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে হয়  সাংস্কৃতিক অনুষ্ঠান। রুপাইছড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগেও অনুষ্ঠিত এক রক্তদান শিবিরে ২২ জন স্বেচ্ছায় রক্ত দান করেন।

***************************

**Sukanta Birthday :**

গোমতী জেলা বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল উদয়পুর রাজর্ষি কলাক্ষেত্রে কবি সুকান্ত ভট্টাচার্যের রাজ্যভিত্তিক ৯৯তম জন্মজয়ন্তী উদযাপন  করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক অভিষেক দেবরায় বলেন, সুকান্ত ভট্টাচার্য মাত্র  ২১ বছর জীবনকালে সমাজের সাধারণ মানুষের দুঃখ দুর্দশার চিত্র খুব বলিষ্ঠভাবে তুলে ধরেছেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে  বিধায়ক জিতেন্দ্র মজুমদার, বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, ত্রিপুরা সরকারের বুনিয়াদি ও মাধ্যমিক শিক্ষা ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের আধিকারিক এন সি শর্মা, উদয়পুর পুর পরিষদের পুর পিতা শীতল চন্দ্র মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

***************************

**Sukanta-South :**

ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের উদ্যোগে আজ বিলোনিয়া শহরে কবি সুকান্ত ভট্টাচার্যের জন্মজয়ন্তী অনুষ্ঠানে বিধায়ক দীপংকর সেন সুকান্ত ভট্টাচার্যের কবিতা, আবৃত্তি করে কবির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। কবির জীবনী নিয়ে আলোচনা করেন ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের মহকুমা সভাপতি প্রাক্তন প্রধান শিক্ষক রতন ভৌমিক।

**************************

**Har Ghar Tiranga-MBB College :**

হর ঘর তিরঙ্গা অভিযানে গতকাল আগরতলা পুরনিগম ও রেডিও এফএম ৯৫.০- এর যৌথ উদ্যোগে মহারাজা বীরবিক্রম মহাবিদ্যালয় প্রাঙ্গণে প্রচার অভিযানের আয়োজন করা হয়। প্রচার অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র বিধায়ক দীপক মজুমদার।

******************************

**Swachha Bharat Mission-Udaipur :**

স্বাধীনতা দিবসের অঙ্গ হিসেবে "সাফাই আপনাও বিমারি ভাগাও" স্লোগানকে সামনে রেখে গতকাল উদয়পুর পুর পরিষদের ২৩টি ওয়ার্ড এলাকায় অনুষ্ঠিত হয় স্বচ্ছ ভারত মিশন অভিযান। পুর পরিষদের মূল অনুষ্ঠানটি হয় উদয়পুর শহরে। উপস্থিত ছিলেন পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, ভাইস চেয়ারম্যান প্রদীপ দেবনাথ প্রমুখ।

**************************